

নম্বর-৩১.০০.০০০০.০৪২.০৪.০১৯.০৮- ২৩০


তারিখ: ১৭ কার্তিক ১৪২৮ বঙ্গাব্দ  
০২ নভেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ

পরিপত্র

বিষয়: খতিয়ান বা মৌজা ম্যাপের জন্য আবেদন ফি, বিশেষায়িত খাম এবং ডাক মাশুল চার্জ অনলাইনে প্রদান সংক্রান্ত।

অনলাইনে খতিয়ান বা মৌজা ম্যাপ সরবরাহের জন্য আবেদন ফি ডাকযোগে পাওয়ার ক্ষেত্রে বিশেষায়িত খাম এবং ডাক মাশুল চার্জ পুরোপুরি অনলাইনে আদায় করার নিমিত্ত ভূমি মন্ত্রণালয় নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করেছে:

১. যে কোন ধরনের খতিয়ানের সার্টিফিকেট কপি আবেদনের জন্য সকল জেলার ক্ষেত্রে সরকারি ফি হবে ৫০/- (পঞ্চাশ) টাকা। তবে অনলাইনে ডাক মারফত নিজ ঠিকানায় খতিয়ান প্রাপ্তির জন্য আবেদনের ক্ষেত্রে অতিরিক্ত ৪০/- (চল্লিশ) টাকা (বিশেষায়িত খাম ও ডাক মাশুল বাবদ) প্রদান করতে হবে।
২. মৌজা ম্যাপের কপি জন্য সকল জেলার ক্ষেত্রে সরকারি ফি হবে ৫২০/- (পাঁচশত বিশ) টাকা। তবে অনলাইনে ডাক মারফত নিজ ঠিকানায় মৌজা ম্যাপের কপি প্রাপ্তির জন্য আবেদনের ক্ষেত্রে অতিরিক্ত ১১০/- (একশত দশ) টাকা (বিশেষায়িত খাম ও ডাক মাশুল বাবদ) প্রদান করতে হবে।
৩. ডাকযোগে সেবা প্রাপ্তির ক্ষেত্রে আবেদনের সরকারি ফি এবং ডাক মাশুল একত্রে আবেদনের সঙ্গে অনলাইনে প্রদান করতে হবে।
৪. ফি সংগ্রহের রিপোর্ট ও চালান নম্বর জেলাভিত্তিক অটোমেটেড চালান সিস্টেম হতে স্বয়ংক্রিয়ভাবে তৈরি হবে এবং এর ভিত্তিতে সংশ্লিষ্ট জেলার রেকর্ডরুমের রেজিস্টার হালনাগাদ করতে হবে।
৫. সেবাগ্রহীতা ই-খতিয়ান সিস্টেম হতে সকল অর্থ পরিশোধের চালান কপি সংগ্রহ করতে পারবেন।
৬. জনস্বার্থে এ আদেশ জারি করা হলো এবং অবিলম্বে এ আদেশ কার্যকর হবে।



মোঃ মোস্তাফিজুর রহমান, পিএএ

সচিব

ভূমি মন্ত্রণালয়


নম্বর-৩১.০০.০০০০.০৪২.০৪.০১৯.০৮- ৫১০/১(১৫০)

তারিখ:

১৭ কার্তিক ১৪২৮ বঙ্গাব্দ  
০২ নভেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ০২। চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, প্লট নং-ই-৬/বি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ০৩। সিনিয়র সচিব/সচিব ..... মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
- ০৪। চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৫। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ভূমি ভবন, ৯৮, শহীদ তাজউদ্দীন আহমদ সরণি, তেজগাঁও, ঢাকা-১২০৮।
- ০৬। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ০৭। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/রংপুর/সিলেট/ময়মনসিংহ।
- ০৮। অতিরিক্ত সচিব (আইন/উন্নয়ন/প্রশাসন/মাঠ প্রশাসন/অধিগ্রহণ), ভূমি মন্ত্রণালয়।
- ০৯। পরিচালক (যুগ্মসচিব), ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, ৩/এ, নীলক্ষেত, কাটাবন ঢাল, ঢাকা।
- ১০। জেলা প্রশাসক, ..... (সকল)।
- ১১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয় (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১২। সচিবের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৩। উপ-নিয়ন্ত্রক, বিজি প্রেস, তেজগাঁও, ঢাকা (পরিপত্রটি বাংলাদেশ গেজেটের পরবর্তী/বিশেষ সংখ্যায় দ্রুত প্রকাশের অনুরোধসহ)।
- ১৪। উপজেলা নির্বাহী অফিসার, ..... (সকল)।
- ১৫। সহকারী কমিশনার (ভূমি), ..... (সকল)।
- ১৬। সহকারী প্রোগ্রামার, ভূমি মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৭। ব্যবস্থাপনা পরিচালক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক, গুলশান, ঢাকা (অনলাইন পেমেন্ট সিস্টেমটি আন্তঃ সংযোগ স্থাপনের অনুরোধসহ)।
- ১৮। ব্যবস্থাপনা পরিচালক, সফট বিডি লিঃ, ঢাকা (ই-খতিয়ান সিস্টেমে আন্তঃ সংযোগ স্থাপনের অনুরোধসহ)।
- ১৯। অফিস কপি/মাষ্টার কপি।

  
০২/১১/২০২১

(মোঃ মাহমুদ হাসান)

যুগ্মসচিব

ভূমি মন্ত্রণালয়

ফোন: +৮৮০২৯৫৪০১২৫

ইমেইল: law1@minland.gov.bd